



## ***Duti Kobita (Two Poems)***

**Mridul Dasgupta**

Poet and Former Journalist

Mail Id: mriduldasgupta@gmail.com

### **Abstract**

The given poems are two pieces of Modern narrative. There is a vast design in the universe; with each and every circuit reflecting the intense spirit of creation, man just becomes a simple puppet in the hands of the myth and realistic virtues of creation. Traversing the vastness of the ocean, the mountains and the deserts, what remains is a small bird that picks up grains of stars from the star-studded night sky. There are images and symbols all around us that interweave the all-inclusive relationship between the transience of human life and the permanence of the universe. Moreover, the poem fragments also deal with the mundane nature of human existence at the most ultimate level.

**Keywords:** Human bonding, Indian English Poetry, Poetry, Love Poetry, Modern Poetry

### **দুটি কবিতা**

মৃদুল দাশগুপ্ত

১

ঘটনা স্থম্বিত হয় এমনই তা তীব্র বিস্ফোরণ

যেন শত নক্ষত্রের ক্রোধ

অথবা তীরের বেগে ছুটে গেলো ঢের ঢের

পর্বতের মন

অথবা এসব নয়, প্রকৃতির ঠান্ডা প্রতিশোধ

তখন তখন

পুনরায় প্রাণ পায় মেধাবী, অবোধ

ধারাজলে কেঁপে ওঠে ব্যাঙাচি, তেচোখা মাছ

আমরুল পাতা দোলে, দোলে রাঙচিতা

আগুনের ফুলকিতে

বানানের ভুলটিতে

দ্বিধাভরে ওড়ে, ওড়ে একটি কবিতা

২

ডানা দুটি ঝাপটাবে, মনে হবে পাখি

(Poems are written in Bengali, but the abstract, keywords, Author(s) affiliation / details and works cited are available in English and Bengali)

## Litinfinitive Journal

ISSN: 2582-0400 [Online]

CODEN: LITIBR

Vol-1, Issue-2 (2<sup>nd</sup> December, 2019)

Page No: 48-49

Section: Poetry

তবে কিনা অভিকায়

ক্রমে ক্রমে গতি পায়

ঠোঁটে খুঁটে তারা খায়

সম্পূর্ণ আকাশ ঢাকে, হতে পারে কিয়দংশ বাকি

রাত্রির আকাশ যায় ভেঙে ভেঙে, তার ফাঁকে ফাঁকে  
একাধিক লাল সূর্য, ছটি চাঁদ। তিন-চার সে সৌর জগৎ  
আরেক আকাশ ঠিক এইবার দেখা যেতে থাকে  
থেমে যায় রথ

ভারত সাগর ভাবে, সাহারার মরু চুপ  
বিস্ময়ে তাকিয়ে থাকে হিমালয় সহ যত পাহাড়-পর্বত

সহসা সকল দৃশ্য  
মুছে দেয় শীত-গ্রীষ্ম  
মনে হয় ফাঁকি  
রোগে ভোগে ক্ষীণ  
চলে যায় দিন



(Poems are written in Bengali, but the abstract, keywords, Author(s) affiliation / details and works cited are available in English and Bengali)